যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১২৪

১/ বিবিধ

আরবী

كان أحب النساء إلى رسول الله صلى الله عليه وسلم فاطمة، ومن الرجال علي
باطل

أخرجه الترمذي (2/319) والحاكم (3/155) من طريق جعفر بن زياد الأحمر عن عبد
الله بن عطاء عن عبد الله بن بريدة عن أبيه قال: فذكره. وقال الترمذي
هذا حديث حسن غريب لا نعرفه إلا من هذا الوجه
وقال الحاكم
صحيح الإسناد ". ووافقه الذهبي
قلت: عبد الله بن عطاء، قال الذهبي نفسه في " الضعفاء ": قال النسائي: ليس بالقوي
وقال الحافظ في التقريب
" صدوق يخطىء ويدلس
قلت: وقد عنعن إسناد هذا الحديث، فلا يحتج به لوكان ثقة، فكيف وهو صدوق
يخطىء؟
ثم إن الراوي عنه جعفر بن زياد الأحمر، مختلف فيه، وقد أورده الذهبي أيضا في "
الضعفاء " وقال
ثقة ينفرد، قال ابن حبان: في القلب منه
وقال الحافظ في التقريب
صدوق يتشيع

قلت: فمثله لا يطمئن القلب لحديثه، لا سيما وهو في فضل علي رضي الله عنه
فإن من المعلوم غلوالشيعة فيه، وإكثارهم الحديث في مناقبه مما لم يثبت
وإنما حكمت على الحديث بالبطلان من حيث المعنى لأنه مخالف لما ثبت عن النبي
صلى الله عليه وسلم في أحب النساء والرجال إليه كما يأتي
وقد روي الحديث عن عائشة رضي الله عنه، وهو باطل عنها أيضا، يرويه جميع ابن
عمير التيمي قال
" دخلت مع عمتي (وفي رواية: أمي) على عائشة، فسئلت: أي الناس كان أحب إلى
رسول الله صلى الله عليه وسلم؟ قالت: فاطمة، فقيل: من الرجال؟ قالت
زوجها ". أخرجه الترمذي (2/320) والحاكم (3/154) من طريقين عن جميع به
والسياق للترمذي وقال
حديث حسن غريب . وقال الحاكم ـ والرواية الأخرى له
صحيح الإسناد ورده الذهبي فأحسن
قلت: جميع متهم، ولم تقل عائشة هذا أصلا
ويؤيد قوله شيئان
الأول: أنه ثبت عن عائشة خلافه، فقال الإمام أحمد (6/241) : حدثنا عبد الواحد
الحداد عن كهمس عن عبد الله بن شقيق، قال: قلت لعائشة: أي الناس كان أحب إلى
رسول الله صلى الله عليه وسلم؟ قالت: عائشة، قلت: فمن الرجال؟
قالت: أبوها
قلت: وهذا إسناد صحيح رجاله كلهم ثقات رجال الصحيح
والآخر: أنه صح عن النبي صلى الله عليه وسلم خلافه، من رواية عمرو بن العاص
قال
أتيت رسول الله صلى الله عليه وسلم فقلت: أي الناس أحب إليك؟ قال: عائشة،
قلت: من الرجال؟ قال: أبوها، ثم من؟ قال: عمر. فعد رجالا
أخرجه الشيخان وأحمد (4/203)

وله شاهد من حديث أنس قال
قيل: يا رسول الله، أي الناس ... " دون قوله: " ثم من
أخرجه ابن ماجه (101) والحاكم (4/12) وقال
" صحيح على شرط الشيخين ". وهو كما قال
" وشاهد آخر، فقال الطيالسي (1613) : حدثنا زمعة قال: سمعت أم سلمة الصرخة على عائشة، فأرسلت جاريتها: انظري ما صنعت، فجاءت فقالت: قد قضت، فقالت يرحمها الله، والذي نفسي بيده، قد كانت أحب الناس كلهم إلى رسول الله صلى الله عليه وسلم، إلا أباها
قلت: وهذا الإسناد لا بأس به في الشواهد
قلت: وكون أبي بكر رضي الله عنه أحب الناس إليه صلى الله عليه وسلم هو الموافق لكونه أفضل الخلفاء الراشدين عند أهل السنة، بل هو الذي شهد به علي نفسه رضي الله عنه، برواية أعرف الناس به ألا وهو ابنه محمد بن الحنفيه قال
" قلت لأبي: أي الناس خير بعد النبي صلى الله عليه وسلم؟ قال: أبو بكر، قلت: ثم من؟ قال: ثم عمر.. " الحديث
أخرجه البخاري (2/422)
فثبت بما قدمنا من النصوص بطلان هذا الحديث. والله المستعان.
(فائدة)
وأما ما روى الحاكم (3/155) ، قال: " حدثنا مكرم بن أحمد القاضي: حدثنا أحمد بن يوسف الهمداني: حدثنا عبد المؤمن ابن علي الزعفراني: حدثنا عبد السلام بن حرب عن عبيد الله بن عمر عن زيد بن أسلم عن أبيه عن عمر رضي الله عنه، أنه دخل على فاطمة بنت رسول الله صلى الله عليه وسلم، فقال: يا فاطمة والله ما رأيت أحدا أحب إلى رسول الله صلى الله عليه وسلم منك، والله ما كان أحد من الناس بعد أبيك صلى الله عليه وسلم أحب إلي منك ". وقال
" صحيح الإسناد على شرط الشيخين ". وقال الذهبي

قلت: غريب عجيب
فأقول: أما أنه على شرط الشيخين، فوهم لا شك فيه، لأن من دون عبد السلام بن حرب لم يخرجا لهم، وعبد السلام بن حرب ليس من شيوخهما
وأما أنه صحيح، ففيه نظر، والعلة عندي تتردد بين عبد السلام، وعبد المؤمن فالأول، وإن كان من رجال الشيخين، فقد اختلفوا فيه، ووثقه الأكثرون، وقال الحافظ ثقة حافظ، له مناكير
وأما عبد المؤمن، فلم أر من وثقه توثيقا صريحا، وغاية ما ذكر فيه ابن أبي حاتم (3/1/66) أن الإمام مسلما قال
سألت أبا كريب عن عبد المؤمن بن علي الرازي فأثنى عليه، وقال: لولا عبد المؤمن من أين كان يسمع أبو غسان النهدي من عبد السلام بن حرب؟ ". والله أعلم

বাংলা

১১২৪। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট মহিলাদের মধ্য হতে ফাতিমা (রাঃ) আর পুরুষদের মধ্যে আলী (রাঃ) সর্বাপেক্ষা বেশী প্রিয় ছিলেন।

হাদীসটি বাতিল।

এটিকে তিরমিযী (২/৩১৯-৩৮৬৮), হাকিম (৩/১৫৫) জাফার ইবনু যিয়াদ আল-আহমার সূত্রে আবদুল্লাহ ইবনু আতা হতে, তিনি আবদুল্লাহ ইবনু বুরায়দাহ হয়ে, তিনি তার পিতা হতে বর্ণনা করেছেন। তিরমিযী বলেনঃ এ হাদীসটি হাসান গারীব, একমাত্র এ সূত্রেই এটিকে চিনি।

হাকিম বলেনঃ সনদটি সহীহ। যাহাবীও তার সাথে ঐকমত্য পোষণ করেছেন!!

আমি (আলবানী) বলছিঃ আব্দুল্লাহ ইবনু আতা সম্পর্কে হাফিয যাহাবী নিজে "আয-যুয়াফা" গ্রন্থে বলেছেনঃ নাসাঈ বলেনঃ তিনি শক্তিশালী নন।

হাফিয ইবনু হাজার “আত-তাকরীব” গ্রন্থে বলেনঃ তিনি সত্যবাদী, ভুল করতেন এবং তাদলীস করতেন।

আমি (আলবানী) বলছিঃ তিনি হাদীসটি আন্ আন্ করে বর্ণনা করেছেন। এ অবস্থায় তিনি যদি নির্ভরযোগ্য হতেন তাহলে তার হাদীস গ্রহণযোগ্য হতো না। কারণ তিনি মুদাল্লিস। তাহলে যেখানে তিনি ভুল করতেন সেখানে কী করে সহীহ।

তার থেকে বর্ণনাকারী জাফার ইবনু যিয়াদ আল-আহমার বিতর্কিত ব্যক্তি। হাফিয যাহাবী তাকেও "আয-যুয়াফা" গ্রন্থে উল্লেখ করেছেন। হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেনঃ তিনি সত্যবাদী, শী'আ মতের অনুসারী।

আমি (আলবানী) বলছি এরূপ ব্যক্তির হাদীস দ্বারা হৃদয় সন্তুষ্ট হয় না। বিশেষ করে 'আলী (রাঃ) সম্পর্কে ফাযীলত বর্ণিত হওয়ার কারণে। কারণ শী'য়ারাই তার ফাযীলত বর্ণনা করার ব্যাপারে ভিত্তিহীন বহু হাদীস উল্লেখ করে বাড়াবাড়ি করেছে।

আমি (আলবানী) হাদীসটিকে অর্থের দিক দিয়ে বাতিল বলে হুকুম লাগিয়েছি। কারণ নারী ও পুরুষদেরকে ভালবাসার ক্ষেত্রে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে এর বিপরীত হাদীস বর্ণিত হয়েছে। এ হাদীসটি আয়েশা (রাঃ) হতেও বর্ণিত হয়েছে, সেটিও বাতিল। সেটিকে জামী ইবনু উমায়ের আত-তায়মী বর্ণনা করেছেন। এ জামী মিথ্যা বর্ণনা করার দোষে দোষী। তা সত্ত্বেও হাকিম সনদটিকে সহীহ আখ্যা দিয়েছেন। হাফিয যাহাবী তার প্রতিবাদ করে ভালই করেছেন।

আসলেই আয়েশা (রাঃ) এটি বলেননি, কারণঃ

১। তার থেকে এর বিপরীত বর্ণনা এসেছে। ইমাম আহমাদ (৬/২৪১) বর্ণনা করেছেন আব্দুল্লাহ ইবনু শাকীক বলেনঃ আমি আয়েশা (রাঃ)-কে জিজ্ঞাসা করেছিলামঃ কোন লোকটি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট সর্বাপেক্ষা বেশী প্রিয় ছিল? তিনি বলেনঃ আয়েশা। আমি আবার বললামঃ পুরুষদের মধ্যে কে? তিনি (আয়েশা) বললেনঃ তার পিতা।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি সহীহ।

২। 'আমর ইবনুল আস (রাঃ)-এর বর্ণনায়ও নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে সহীহ্ হিসেবে আলোচ্য হাদীসের বিপরীত হাদীস বর্ণিত হয়েছে। তিনি বলেনঃ "আমি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আসলাম অতঃপর জিজ্ঞাসা করলামঃ কোন ব্যক্তি আপনার নিকট বেশী প্রিয়? তিনি বললেনঃ আয়েশা। আমি আবার জিজ্ঞাসা করলাম পুরুষদের মধ্যে কে? তিনি বললেনঃ তার পিতা। অতঃপর কে? তিনি বললেনঃ উমার, অতঃপর তিনি কতিপয় ব্যক্তির নাম উল্লেখ করেন।"

হাদীসটি বুখারী, মুসলিম ও আহমাদ (৪/১০৩) বর্ণনা করেছেন। আনাস (রাঃ) হতে তার একটি শাহেদও রয়েছে। এ শাহেদটি ইবনু মাজাহ (১০১) ও হাকিম (২/১২) বর্ণনা করেছেন অতঃপর হাকিম বলেন হাদীসটি শইখায়নের শর্তানুযায়ী সহীহ। আরেকটি শাহেদ তায়ালিসী (১৬১৩) বর্ণনা করেছেন। শাহেদ হিসেবে এর সনদটির ব্যাপারে কোন সমস্যা নেই।

এসব হাদীসগুলোই প্রমাণ করছে যে আলোচ্য হাদীসটি বাতিল।

ফায়েদাহঃ ফাতেমা বেশী প্রিয় ছিলেন মর্মে হাকিম যে হাদীস বর্ণনা করে (৩/১৫৫) বলেছেনঃ সনদটি শাইখায়নের শর্তানুযায়ী সহীহ। সেটির ব্যাপারে হাফিয যাহাবী বলেছেনঃ এটি গারীব ও আযব ব্যাপার।

আমি (আলবানী) বলছিঃ শাইখায়নের শর্তানুযায়ী সহীহ কথাটি নিঃসন্দেহে তার ধারণা মাত্র। কারণ আব্দুস সালামের নিচের বর্ণনাকারীদের থেকে তারা দু'জন হাদীস বর্ণনা করেননি। আর আব্দুস সালাম ইবনু হারবও তাদের দু'জনের শাইখ নয় ।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72003

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন